



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/14/2023

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল নিউ ইয়র্ক সিটি সাবওয়ে এই বছরে এক বিলিয়ন যাত্রী পরিবহন করার সংখ্যা স্পর্শ করার ঘোষণা দিয়েছেন

মাইলফলকটি 2022 সালের তুলনায় 6 সপ্তাহ আগেই অর্জন করেছে

সাবওয়ে এর বিলিয়নতম যাত্রী পরিবহনের ঘোষণার সংবাদ সম্মেলনের [ভিডিও](#) এবং [ছবি](#) দেখুন

মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথরিটি (Metropolitan Transportation Authority, MTA) 2023 সালে নিউ ইয়র্ক সিটি সাবওয়েতে এক বিলিয়ন যাত্রী পরিবহন করেছে গভর্নর ক্যাথি হোকল আজ সেটির ঘোষণা করেন। বিলিয়নতম যাত্রীকে নিউ জার্সির টিনেক থেকে ব্রায়ান জোন্স হিসাবে চিহ্নিত করা হয়েছিল যিনি সকাল 10:54 মিনিটে 175 St A স্টেশনে সাবওয়ে সিস্টেমে ট্যাপ করেছিলেন। এই মাইলফলকটি গত বছরের তুলনায় ছয় সপ্তাহ আগে আসে, যখন 27 ডিসেম্বরে সাবওয়ে এক বিলিয়ন যাত্রী সেবায় পৌঁছেছিল।

"আমরা সাবওয়েতে পরিষেবা এবং নিরাপত্তা বাড়াতে ঐতিহাসিক বিনিয়োগ করেছি, প্রতিদিন লক্ষ লক্ষ যাত্রীকে সিস্টেমে উৎসাহিত করছি" **গভর্নর হোকল বলেন**। "গত বছরের তুলনায় অনেক এগিয়ে এক বিলিয়ন যাত্রী সেবার মাত্রায় পৌঁছানো আমাদের কাজের একটি প্রমাণ এবং আমি সপ্তাহের পর সপ্তাহে আমাদের রাইডারশিপের রেকর্ড ভাঙতে দেখে উচ্ছ্বসিত।"

2023 সালে সাবওয়ে রাইডারশিপ বাড়তে থাকে। গত সপ্তাহে, 23 মিলিয়নেরও বেশি সাবওয়েতে যাত্রী সেবা প্রদান করা হয়েছিল যেটা 2022 সালের একই সপ্তাহের থেকে আট শতাংশ বৃদ্ধি।

MTA এর ভারপ্রাপ্ত চিফ কাস্টোমার অফিসার শানিফাহ রিয়ারা বলেন, "আগে ও আরো আগে বার্ষিক রাইডারশিপ মাইলফলকগুলোকে উদযাপন করা দুর্দান্ত এবং গ্রাহকরা তাদের যেখানে যেতে হবে সেখানে নিয়ে যাওয়ার জন্য সাবওয়েতে ফিরে যাওয়াটা আরো একটি প্রমাণ। OMNY এর মাধ্যমে সাবওয়েতে ভ্রমণ করা আগের চেয়ে সহজ যেহেতু আরো বেশি সংখ্যক গ্রাহক ট্যাপিং করে যাচ্ছে।"

নিউ ইয়র্ক সিটি ট্রানজিট প্রেসিডেন্ট রিচার্ড ডেভি বলেন, "আমরা দ্রুততর, পরিচ্ছন্ন এবং নিরাপদ পরিষেবা প্রদানের ক্ষেত্রে অনেক অগ্রগতি করেছি এবং গ্রাহকরা গত বছরের তুলনায়

এই বছর এক বিলিয়ন বার সাবওয়েকে দ্রুত গতিতে নিয়ে যাওয়ার বিষয়টিকে বেছে নেওয়ার ক্ষেত্রে সাড়া দিয়েছেন। আমি 2023 সালের শেষ হওয়ার আগেই আরো লক্ষাধিক যাত্রী পরিবহন সরবরাহ করার অপেক্ষায় রয়েছি।"

বিলিয়নতম সাবওয়ে যাত্রী ব্রায়ান জোন্স বলেন, "এটি আমার জন্য সাবওয়ের সাথে আরেকটি পুনঃপরিচয়। আমি এখানে সবমাত্র নিউ ইয়র্কে একটি নতুন ভূমিকা গ্রহণ করেছি, আমি গত তিন বছর ধরে ভার্চুয়ালি কাজ করছিলাম এবং তাই সেই ফাঁকের শেষে (টেইল এন্ডে) ফিরে আসা এবং আমি আমার ডেবিট কার্ডে ট্যাপ করতে পারি এবং টার্নস্টাইলের মধ্য দিয়ে হাঁটতে পারি তা দেখতে পারাটা দারুণ ছিল। আমি নিউ জার্সি থেকে এসেছি এবং আমি আমার মিটিংয়ে যুক্ত হওয়ার আগে উপরের টার্মিনালে থেমে এক কাপ কফি খেতে পারি এবং এই কারণেই সাবওয়ে সব সময় আমার দিনের একটি অংশ এবং আমার দিনের একটি অংশ হয়েই থাকবে এবং যাত্রা অব্যাহত থাকার সাথে সাথে এই উন্নতিগুলো অনুভব করা একটি দারুণ অভিজ্ঞতা।"

জোন্স একটি 100 মার্কিন ডলারের OMNY ভ্যালু কার্ড, OMNY টি-শার্ট, NYCT সাবওয়ে ম্যাপ চশমা ক্লিনার এবং একটি OMNY বোতাম পেয়েছেন।

মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথরিটির (Metropolitan Transportation Authority, MTA) OMNY ভাড়া-প্রদান ব্যবস্থাও 2023 সালে ব্যবহার বৃদ্ধি পেয়েছে এবং 26 জুলাই এক বিলিয়ন ট্যাপে পৌঁছেছে। ফুল-ফেয়ার সাবওয়ে রাইডের OMNY মার্কেট শেয়ার এখন 73 শতাংশের উপরে।

গ্রাহকরা OMNY এর ক্ষেত্রে তাদের সম্মতি প্রকাশ করছেন এবং এটিকে সর্বশেষ 2023 সালের বসন্তের গ্রাহক গণনা সমীক্ষায় 79 শতাংশ সন্তুষ্টির রেটিং দিয়েছেন। গ্রাহকেরা 472টি সাবওয়ে স্টেশনের প্রত্যেকটিতে ট্যাপ করেছে এবং 204টি স্থানীয় বাস রুট এবং 31টি এক্সপ্রেস বাস রুটে যাত্রা করেছে। ব্যাংক কার্ড ইস্যুকারী 195টি দেশ তাদের প্রত্যেকের জন্য একটি করে OMNY কার্ড প্রক্রিয়া করেছে।

যারা তাদের স্মার্ট ডিভাইস বা কন্ট্যাকলেস ব্যাংক কার্ড ট্যাপ করতে এবং যাওয়ার জন্য ব্যবহার করতে প্রস্তুত এমন ধরনের কম ভাড়ার গ্রাহকদেরও OMNY সহায়তা করে থাকে। কম ভাড়ার গ্রাহকদেরকে OMNY ডিজিটাল সহকারীর মাধ্যমে অনলাইনে MetroCards থেকে নির্বিঘ্নে সুইচ করতে অনুপ্রাণিত করে যাচ্ছে যেটা OMNY.info সাইটে 24/7 পাওয়া যায়।

যাত্রীদেরকে তাদের মতামত শোনানোর জন্য [বসন্ত 2023 কাস্টমার কাউন্ট সমীক্ষা](#) করার কথা মনে করিয়ে দেওয়া হয়। গ্রাহকগণ অংশগ্রহণ করতে পারেন [এখানে](#)।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে
টেক্সট পাঠান

[আনসাবস্ক্রাইব করুন](#)